The Bangladesh Monitor - A Premier Travel Publication

সৌদিতে ফ্লাই দুবাই ফ্লাইটের জরুরি অবতরণ

- A Monitor Desk Report Date: 25 September, 2025

ঢাকাঃ মাঝ আকাশে এক ইসরায়েলি যাত্রী গুরুতর অসুস্থ হয়ে পড়ায় ইসরায়েলিদের বহনকারী একটি উড়োজাহাজ সৌদি আরবে জরুরি অবতরণ করে।

বুধবার (২৪ সেপ্টেম্বর) ফ্লাই দুবাইয়ের উড়োজাহাজটি সংযুক্ত আরব আমিরাতের দুবাই থেকে দখলদার ইসরায়েলের বাণিজ্যিক রাজধানী তেলআবিবে যাচ্ছিল।

আন্তর্জাতিক বিভিন্ন সংবাদমাধ্যম হিব্রু ভাষার এক সংবাদমাধ্যমের বরাতে জানিয়েছে, আমিরাতের স্থানীয় সময় বিকেল ৪টা ১৭ মিনিটে উড়োজাহাজটি দুবাই থেকে তেলআবিবের উদ্দেশে রওনা দেয়। এর ১ ঘণ্টা পর সৌদি আরবের রিয়াদে উড়োজাহাজটি জরুরি অবতরণ করে।

ইসরায়েলি সংবাদমাধ্যম জানিয়েছে, এক ইসরায়েলি যাত্রী উড়োজাহাজে স্ট্রোক করেন। এরপর জরুরি অবতরণ করে তাকে হাসপাতালে নেওয়া হয়। তাকে রিয়াদের একটি হাসপাতালে ভর্তি করা হয়েছে। সেখানেই তার চিকিৎসা চলছে।

দখলদার ইসরায়েলের সঙ্গে সৌদি আরবের কোনো কূটনৈতিক সম্পর্ক নেই। তবে ২০২৩ সালের শেষ দিকে সৌদির সঙ্গে সম্পর্ক গড়ার দ্বারপ্রান্তে ছিল ইসরায়েল। তাদের এই সম্পর্ক ঠেকাতে ওই বছরের ৭ অক্টোবর ফিলিস্তিনি সশস্ত্র গোষ্ঠী হামাস ইসরায়েলের বিভিন্ন অবৈধ বসতিতে হামলা চালায়। এর জবাবে ইসরায়েল গাজায় হামলা শুরু করে। এরপর থেকে ২ বছর ধরে গাজায় বর্বরতা চালিয়ে আসছে তারা।

ইসরায়েলের হামলায় গাজায় এখন পর্যন্ত ৬৫ হাজারের বেশি মানুষ নিহত হয়েছেন। আহত হয়েছেন আরও দেড় লাখের বেশি ফিলিস্তিনি। অনেক মানুষ ধ্বংসস্তূপের নিচে আটকে থাকায় প্রকৃত সংখ্যা আরও বেশি বলে ধারণা করা হয়।

-B